

## স্মার্ট বিচারিক সেবা নিশ্চিত রাণ্ডামাটিতে পুলিশ ম্যাজিস্ট্রেসী কনফারেন্স

আলমগীর মানিক | ০৯:০৬ পিএম, ২০২৪-০১-২৭



পার্বত্য জেলা রাণ্ডামাটিতে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর উদ্যোগে শনিবার বিকেলে নব নির্মিত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ভবনের সম্মেলন কক্ষে পুলিশ ম্যাজিস্ট্রেসী কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে।

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ আবু হানিফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত কনফারেন্স অনুষ্ঠানে রাণ্ডামাটি জেলার সকল বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটগণ উপস্থিত ছিলেন।

এছাড়া, উক্ত কনফারেন্সে টুরিস্ট পুলিশের পুলিশ সুপার, মোহাম্মদ মহিউল ইলাম, সহকারী কমিশনার বিজয় কুমার জোয়ার্দার, অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ শাহ ইমরান, মো: জাহেদুল ইসলাম ও মু: সাইফুল ইসলাম, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর, বিভাগীয় বন কর্মকর্তাগণ রাণ্ডামাটির সকল থানার অফিসার ইনচার্জগণসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সম্মেলনে Digital Evidenec বিষয়ে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ আবু হানিফ একটি তথ্যবহুল আলোচনা করেন এবং মাল্টিমিডিয়া স্লাইড প্রদর্শন করেন।

অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট প্রসেস জারী বিধি বিধান বর্ণনা করেন।

সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাগণ কর্তৃক করণীয় সম্পর্কে এ সংক্রান্ত সংশ্লিষ্ট আইনের বিধান এবং আদালতের আদেশ মেনে চলার জন্য সকল থানার ওসি এবং সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়। পরে উপস্থিত সকলে একটি উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। এতে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আবু হানিফ অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

সমাপনী বক্তব্যে সভাপতি চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট সবাই কে যার যার অবস্থান থেকে সর্বোচ্চ দায়িত্ব পালন করে স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠায় স্মার্ট বিচারিক সেবা নিশ্চিত করার আহ্বান জানান।